

কাগজের পোস্টারই এবার শোনাবে গান

প্রযুক্তির কল্যাণে বিশ্ব এখন মানুষের হাতের মুঠোয়। আর আধুনিক প্রযুক্তি সবকিছুকেই করে তুলছে স্মার্ট। প্রযুক্তির কল্যাণে স্মার্ট শব্দটির অর্থও বদলে গেছে। স্মার্টফোন আর স্মার্ট সব ইলেকট্রনিক ডিভাইসের কল্যাণে স্মার্ট শব্দটি পেয়েছে যেন নতুন পরিচয়। এই নতুন রূপের স্মার্ট পোস্টার তৈরি করেছেন গবেষকরা, যার মাধ্যমে এই পোস্টার থেকেই শোনা যাবে গান, বুকিং দেওয়া যাবে পোস্টারের ইভেন্টের টিকেট। হ্যাঁ,



সম্প্রতি এমন এক পোস্টারই প্রদর্শন করেছেন গবেষকরা, যার নির্দিষ্ট স্থানগুলোতে চাপ দিলেই শুরু হবে গান। 'দ্য লিসেনিং পোস্ট' নামের একটি পোস্টারের প্রোটোটাইপ সম্প্রতি প্রদর্শন করেছেন গবেষকরা। এই পোস্টারে রয়েছে একটি স্থানীয় ব্যান্ডদের একটি কনসার্টের বিজ্ঞাপন। আর পাশাপাশি এই ব্যান্ডের বিভিন্ন গানের তালিকা রয়েছে পোস্টারে। আর রয়েছে কনসার্টের টিকেটের তথ্য। গানের তালিকা থেকে কোনো গানের থামনেইল ইমেজের উপর ক্লিক করলেই ওই গানের কিছুটা অংশ শুনিতে দেবে এই পোস্টার। আবার টিকেটের তথ্যের জায়গাতে আঙ্গুলের স্পর্শেই বুকিং দেওয়া যাবে কনসার্টের টিকেট। আর এর উদ্ভাবকরা জানিয়েছে, এর খরচ খুব একটা বেশি না। ফলে এখন থেকে নানান অনুষ্ঠানের জন্য এই ধরনের ইন্টার্যাকটিভ পোস্টারের ব্যবহার সকলেই শুরু করতে পারে। এই পোস্টারের নির্মাতা দলের অন্যতম সমন্বয়ক পিটার থমাস জানান, মানুষ ক্রমেই প্রযুক্তির দিকে ঝুঁকি পড়ছে। আর তাদের প্রবণতা হচ্ছে যেকোনো কিছুর জন্যই অনলাইনে যাওয়া। এই নতুন পোস্টারের জন্য অনলাইনে না গিয়েও মানুষ

সহজেই গান উপভোগ করতে পারবে। তারা এই পোস্টার ছাড়াও ইন্টার্যাকটিভ কিছু পোস্টার উদ্ভাবন করেছেন বলে জানিয়েছেন। এসব পোস্টার থেকেও সকলে গান শুনতে পারবেন বাইরের আর কোনো কিছুর সহায়তা ছাড়াই। এই স্মার্ট পোস্টার বা পোস্টার্ড তৈরির পেছনে অন্যতম প্রধান ভূমিকা রেখেছে কেমব্রিজের প্রতিষ্ঠান নোভালিয়া এবং আরও কয়েকটি প্রতিষ্ঠান। এর মধ্যে নোভালিয়া উদ্ভাবন করেছে এসব ইন্টার্যাকটিভ কাগজের উপরে ইন্টার্যাকটিভ লেয়ার তৈরির জন্য পরিবাহী কালি। এই ধরনের কালি ব্যবহার করে ইন্টার্যাকটিভ কাগজ বা বোর্ডের উপর লিখলে তা স্পর্শকাতর হিসেবে আচরণ করবে। যার ফলে এসব কালি ব্যবহার করে সার্কিট আঁকলে তা ইন্টার্যাকটিভ পোস্টার বা কার্ড তৈরির জন্য আদর্শ হিসেবে কাজ করবে। গবেষকরা এই পোস্টার তৈরির পর এবার কাজ করছেন কী করে এই ধরনের কাগজ, বোর্ড বা কালির খরচ আরও খানিকটা কমিয়ে নিয়ে আসা যায়। তাতে তারা সফল হবেন বলেও আশাবাদ জানিয়েছেন। আর তা হলে আমাদের পরিচিত পৃথিবীর বিজ্ঞাপনের চিরচেনা ধরণ।